

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়  
 গাজীপুর  
[www.fisheries.gazipur.gov.bd](http://www.fisheries.gazipur.gov.bd)

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	ড. কায়সার মুহাম্মদ মঙ্গলুল হাসান জেলা মৎস্য কর্মকর্তা
সভার তারিখ	১৫ ফেব্রুয়ারী ২০২৩ খ্রি.
সভার সময়	বিকাল ২:৩০ ঘটিকা
স্থান	ভার্চুয়াল মাধ্যম (Zoom Apps.)
উপস্থিতি	পরিশিষ্ট ক

ভার্চুয়াল মাধ্যমে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী পরিচালক বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্তর্গত সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন ক্ষেত্রের আওতাধীন শুল্কার কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুসারে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত বছরের ৪টি ব্রেমাসিকে ১টি করে অংশীজনের অংশগ্রহণে সভা করার পরিকল্পনা রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। মৎস্য অধিদপ্তরীয় জেলা/উপজেলা পর্যায়ের দপ্তরসমূহে নাগরিকগণ কি ধরনের সেবা, কোথায়, কিভাবে পাবেন সেসব বিষয়ে বিস্তারিত আলোকপাত করা হয়। এছাড়াও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইনের বিধি বিধান সম্পর্কে উপস্থিত সদস্যদের অবহিত করা হয়। সভাপতি সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীকে সেবা সহজীকরণ, জনবাদী আচরণ, চাকরি বিধির পূর্ণাঙ্গ অনুসরণের উপর গুরুত আরোপ করেন। অতঃপর সভাপতি বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে জানতে চান। সিনিয়র সহকারী পরিচালক সভাকে অবহিত করেন যে, বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী মৎস্য খাদ্যমান নিশ্চিকরণে মৎস্য খাদ্য উৎপাদনকারী/আমদানিকারক/বিক্রয়কারী প্রতিষ্ঠান নিয়মিত মনিটরিং করা হচ্ছে এবং নিয়মিতভাবে খাদ্যমান পরীক্ষা করা হচ্ছে। লাইসেন্সবিহীন মৎস্যখাদ্য উৎপাদন ও বাজারজাত প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্রাম্যমান আদালত পরিচালনার মাধ্যমে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী মৎস্য বীজ উৎপাদন খামার, বোর্ডবাজার, টঙ্গীতে চাইনিজ কার্প (সিলভার কার্প, বিগহেড কার্প, গ্রাস কার্প) এর পিউর বুড হতে রেণু উৎপাদনের বিষয়ে প্রচারণামূলক কার্যক্রম গ্রহণ করা হচ্ছে যাতে খামারীগণ গুণগত মানের রেনু/পোনামাছ সংগ্রহ করতে পারেন। এছাড়াও মৎস্য বিষয়ক আইন বাস্তবায়নে বিশেষ করে জাটকা সংরক্ষণ, পিরানহা/অফিকান মাগর চাষ ও বিক্রয় বন্ধ, মাছে রং/ফরমালিন মিশ্রণ ও চিংড়িতে পুশ-ইন বন্ধে নিয়মিত বাজার মনিটরিং করা হচ্ছে মর্মে উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ সভাকে অবহিত করেন।

অতঃপর উপস্থিত সকল অংশীজনকে সুশাসন প্রতিষ্ঠা এবং সহজতর উপায়ে সঠিক সেবা প্রাপ্তিতে করণীয় বিষয়ে মতামত/সুপারিশ অহবান করেন। মৎস্যচাষী/খামারী মৎস্য পোনা/রেণু উৎপাদনকারী, মৎস্যজীবী/আড়ৎদার, মৎস্য খাদ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি, মৎস্যখাদ্য উপকরণ আমদানীকারক), খাদ্য বিক্রেতাগণ আলোচনায় অংশগ্রহণ করে বিভিন্ন মতামত প্রদান করেন। বিস্তারিত আলোচনাটে সর্বসম্মতভাবে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:



## সিদ্ধান্ত ১

মৎস্য খাদ্যের গুণগতমান নিশ্চিতকরণে খাদ্যমান পরীক্ষা করতে হবে এবং খাদ্য উৎপাদনকারী/ আমদানীকারক/ বিক্রয়কারী প্রতিষ্ঠান নিয়মিত মনিটরিং করতে হবে। লাইসেন্সবিহীন মৎস্যখাদ্য উৎপাদন ও বাজারজাত করা হচ্ছে কি না তা যাচাই করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

## সিদ্ধান্ত ২

লাইসেন্স প্রদান/নবায়ন প্রক্রিয়া নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। সেবা গ্রহীতাগণ সেবা পেতে কোন প্রকার হয়রানির স্থীকার যেন না হয় সেদিকে লক্ষ রাখতে হবে। সেবা প্রাপ্তীতে হয়রানি হলে সেবা গ্রহীতাগণকে সরাসরি/ ডাকযোগে/অনলাইনে অভিযোগ দাখিল করতে হবে।

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।



ড. কায়সার মুহাম্মদ মঙ্গল হাসান  
জেলা মৎস্য কর্মকর্তা  
মোবাইল: ০১৭৬৯৪৫৯১৬০  
dfogazipur@fisheries.gov.bd

নম্বর: ৩৩.০২.৩৩০০.৪০০.৫৭.০০২.২২.২৮(৩২)

তারিখ: ২৩-০৩-২০২৩ খ্রি।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। উপপরিচালক, মৎস্যাধিদপ্তর, ঢাকাবিভাগ, ঢাকা (সদয় অবগতির জন্য)।
- ২। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গাজীপুর সদর/কাপাসিয়া/শ্রীপুর, গাজীপুর।
- ৩। উপজেলা মৎস্য কর্মকর্তা, কালীগঞ্জ/কালিয়াকৈর, গাজীপুর।
- ৪। খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদ নখামার, টক্কী, গাজীপুর।
- ৫। জনাব.....



ড. কায়সার মুহাম্মদ মঙ্গল হাসান  
জেলা মৎস্য কর্মকর্তা